আরেকটি শক্তিশালী মেয়েশিশু পৃথিবীতে এসেছে

ডেস্ক রিপোর্ট
নিউজবিডি৭১ডটকম
ঢাকা: পৃথিবীতে এসেছে আরেকটি শক্তিশালী মেয়েশিশু। তার নাম তিয়ানা।

তার বাবা শক্তিমান রেসলার দ্য রক। মেয়ের জন্মের পর তিনি বলেছেন, তিয়ানা পৃথিবীতে এসেছে প্রকৃতির এক শক্তি হয়ে।

দ্য রক যুক্তরাষ্ট্রের কিংবদন্তি রেসলার। তার আসল নাম ডোয়াইন ডগলাস জনসন। অভিনেতা ও প্রযোজক হিসেবেই খ্যাতিমান তিনি।

এই রকস্টারের সঙ্গে এক দশকেরও বেশি সময়ের সম্পর্ক ৩৩ বছর বয়সী সংগীত শিল্পী ও গীতিকা লোরিয়ান হাশিয়ানের।

নবজাতক তিয়ানার দ্য রক ও লোরিয়ানের কন্যা। তাদের আরও একটি মেয়ে রয়েছে।

দ্য রক তার শিশু কন্যাটিকে বুকে নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে একটি ছবি পোস্ট করেছেন।

হাসপাতালের বেডে বসা দ্য রকের ট্যাটু করা বুকের সঙ্গে একেবারে মিশে আছে নবজাতক তিয়ানা।

ছবির ক্যাপশনে দ্য রক লিখেছেন- সুখী ও কৃতজ্ঞ এক বাবা।

নতুন সিনেমা র্যামপেজের প্রচারের কারণে কন্যার জন্মের সময় থাকতে পারবেন না বলে ভয় ছিল। কিন্তু সব ব্যস্ততা সেরে যথাসময়ে হাসপাতালে হাজির হন।

তিনি বলেন, শত ব্যস্ততা সত্ত্বেও সব বাবার উচিত তাদের দায়িত্বটুকু সঠিকভাবে পালন করা।

নিউজবিডি৭১/আর/ ২৭ এপ্রিল, ২০১৮